ইত্তেফাক

তারিখ ১৩।৪।৮৩
পৃষ্ঠা ১ কলাম ৬

067

## প্রাথমিক শিক্ষা পরিচালনা সংক্রান্ত ঘোষণার ব্যাখ্যা

বাসস জানায়, সরকার গতকাল (মঙ্গলবার) প্রাথমিক শিক্ষা পরিচালনার ক্ষমতা ও দায়িত্ব বিকেন্দ্রীকরণ এবং উপজেলা পরিষদের উপর প্রাথমিক শিক্ষা পরিচালনা ও প্রশাসনের দায়িত্ব ন্যস্ত করিয়া একটি আদেশ ঘোষণা করিয়াছেন।

শিক্ষা মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে বলা হয় যে, ১৯৮২ সালের উপজেলা পরিষদ ও

(৮ম পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## প্রাথমিক শিক্ষা

(১ম পৃঃ পর)

বার ) জানান, ঢাকা বোর্ডের ফলাফল ইতিমধ্যেই চূড়ান্ত হইয়া

উপজেলা প্রশাসনিক পুনর্গঠন অডিন্যান্স অনুযায়ী এই বিকেন্দ্রীকরণ করা হইয়াছে। উক্ত অডিন্যান্সে দেশের প্রাথমিক শিক্ষার দায়িত্ব উপজেলা পরিষদের উপর বর্তাইয়াছে।

নয়া আদেশ ঘোষণার সঙ্গে সঙ্গে ১৯৮১ সালের প্রাথমিক শিক্ষা এ্যাক্ট বাতিল বলিয়া গণ্য হইবে এবং উপজেলা পরিষদগুলি নির্বাহী আদেশের মাধ্যমে সরকারের আদেশ মোতাবেক প্রাথমিক বিদ্যালয়সমূহের প্রশাসন পরিচালনা করিবে।

বিজ্ঞপ্তিতে একথা সুস্পষ্টভাবে উল্লেখ করা হয় যে, সকল সরকারী প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষক ও কর্মচারী সরকারী চাকুরীয়া হিসাবে অব্যাহত থাকিবেন।

(অসমাপ্ত)